ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-১০৪৬</u>

আগরতলা, ৫ জুন, ২০২৫

**এনসিসি ক্যাডেটদের ১০ দিনব্যাপী বার্ষিক কম্বাইন্ড প্রশিক্ষণ শিবিরের সমাপ্তি**

১৩ ত্রিপুরা ব্যাটেলিয়ান এনসিসি'র কর্ণেল সি রাজশেখর এনসিসি ক্যাডেটদের জীবন গঠনে আত্মবিশ্বাসী, সুশৃঙ্খল ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হবার আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, জীবন গঠনের জন্য চাই সততা, নিষ্ঠা, ইচ্ছাশক্তি, কঠোর শ্রম ও অনুপ্রেরণা। নিজ নিজ জীবন গড়ে ক্যাডেটদের দেশ মাতৃকার সেবায় আত্মনিয়োগ করার জন্য তিনি আহ্বান জানান। কর্ণেল সি রাজশেখর আজ শহীদ ভগৎ সিং যুব আবাসে ১৩ ত্রিপুরা ব্যাটেলিয়ান এনসিসি ক্যাডেটদের ১০ দিনব্যাপী বার্ষিক কম্বাইন্ড প্রশিক্ষণ শিবিরের সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে এই আহ্বান জানান।

সমাপ্তি অনুষ্ঠানে রাজ্যের ৯৫টি বিদ্যালয় ও মহাবিদ্যালয় থেকে মোট ৫৩৭ জন ক্যাডেট অংশ নেয়। এরমধ্যে বালক বিভাগে ক্যাডেট ২৯৩ জন ও বালিকা বিভাগে ক্যাডেট ২৪৪ জন অংশ নেয়। গত ২৭ মে থেকে এই শিবির শুরু হয়েছিল। ১০ দিনব্যাপী শিবিরে ক্যাডেটদের শৃঙ্খলা, নিয়মানুবর্তিতা, পিটি, ড্রিল, ব্যক্তিত্ব উন্নয়ন, যোগা, ম্যাপ রিডিং, সাইবার নিরাপত্তা, মিলিটারী ট্রেনিং, স্বাস্থ্য সচেতনতা, পরিস্কার পরিচ্ছন্নতা, ট্রাফিক ব্যবস্থা, ব্যাঙ্ক পরিষেবা, অঙ্কন, কম্পিউটার শিক্ষণ, দক্ষতা উন্নয়ন, প্রাকৃতিক দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে এনসিসি'র আধিকারিকগণ প্রশিক্ষণ দেন। সমাপ্তি অনুষ্ঠানে ১৩ ত্রিপুরা ব্যাটেলিয়ান এনসিসি'র কর্ণেল রোশন জামির, সুবেদার মেজর এমপি মেথি, সুবেদার পারবিন্দর সিং উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অতিথিগণ সকল ক্যাডেটদের হাতে শংসাপত্র তুলে দেন। এছাড়া অতিথিগণ বিজয়ীদের হাতে মেডেল ও ট্রফি তুলে দেন।

*******